

AP-1

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৫.০০৩.৩৪.০২.০৩৬.২০১৪/২৮

তারিখঃ ০৬ মাঘ, ১৪২১ বঙ্গাব্দ।
২১ জানুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন ক্রীড়া পরিদপ্তরের “জেলা ক্রীড়া কর্মকর্তা” ও “প্রভাষক” পদে নিয়োগের জন্য প্রার্থীদের লিখিত পরীক্ষার সময়সূচী ও নির্দেশাবলী প্রসঙ্গে।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন ক্রীড়া পরিদপ্তরের “জেলা ক্রীড়া কর্মকর্তা” এবং “প্রভাষক” (বিজ্ঞপ্তি নং যথাক্রমে- ০৮/০৭/২০১৪ তারিখের ৬৭ এবং ৬৮ নং) পদে নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্ন বর্ণিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে।

লিখিত পরীক্ষার স্থান : বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

লিখিত পরীক্ষার তারিখ ও সময় : ২৯/০১/২০১৫ খ্রিঃ, বৃহস্পতিবার, সকাল ১০:৩০ মিনিট থেকে দুপুর ১:৩০ মিনিট পর্যন্ত।

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলীঃ

১। যোগ্য প্রার্থীদের ঠিকানায় ইতোমধ্যে ডাকযোগে লিখিত পরীক্ষার প্রবেশপত্র প্রেরণ করা হয়েছে। সাময়িকভাবে যোগ্য কোন প্রার্থী যথাসময়ে লিখিত পরীক্ষার প্রবেশপত্র না পেয়ে থাকলে ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সহ আগামী ২৬ ও ২৭ জানুয়ারি, ২০১৫ তারিখে কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা হতে সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টা এর মধ্যে ইউনিট-৫ থেকে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন। বাতিলকৃত প্রার্থীদের পরীক্ষা কেন্দ্রে না আসার জন্য অনুরোধ করা হলো। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন না। কোন প্রার্থীর আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল হতে পারে।

২। যোগ্য ও অযোগ্য প্রার্থীদের রেজিঃ নম্বরের তালিকা বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে পাওয়া এ পাওয়া যাবে। কেবলমাত্র যোগ্য প্রার্থীরাই প্রবেশপত্রসহ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৩। উক্ত লিখিত পরীক্ষা লিখোকোড সংবলিত উত্তরপত্রে গ্রহণ করা হবে। উত্তরপত্রে লিখোকোড ফরম পূরণ ও পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলী সংবলিত বিজ্ঞপ্তি কমিশনের www.bpsc.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। এর জন্য ভিন্ন ভাবে কোন বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।

৪। পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর (সাইন্টিফিক ক্যালকুলেটর নয়) ব্যবহার করা যাবে। বইপুস্তক, ব্যাগ, মোবাইল ফোন বা কোন ইলেকট্রনিক যন্ত্রপাতি সাথে আনা যাবে না।

৫। পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ (এক) ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।

৬। ভূয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ অভিযান চালানোর ব্যবস্থা করা হয়েছে। প্রবেশপত্রের ছবির সঙ্গে কর্তৃপক্ষের কাছে সংরক্ষিত পরিচিতি প্রতিপাদনের ছবি এবং স্বাক্ষরের মিল না থাকলে পরীক্ষার্থীকে বহিষ্কার করা হতে পারে।

অঃ পৃঃ দ্রঃ

৭। পরীক্ষায় নকল বা কোন ধরণের অসদুপায় অবলম্বন বা অসদাচরণের জন্য পরীক্ষার্থীকে হল থেকে বহিষ্কার করা হতে পারে। নকল বা অন্য কোন অসদুপায় অবলম্বন বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। তাছাড়া ক্ষেত্রে বিশেষে মামলা দায়ের পূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত প্রার্থীকে সোপর্দ করা হতে পারে।

৮। উল্লেখ্য, কোন প্রার্থী “জেলা ক্রীড়া কর্মকর্তা” এবং “প্রভাষক” উভয় পদে আবেদন করে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থী হিসেবে এর যে কোন একটি পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে তিনি উভয় পদে উত্তীর্ণ হয়েছেন মর্মে গণ্য হবেন। এ ক্ষেত্রে প্রার্থীকে যে পদের পরীক্ষায় অংশগ্রহণ করবেন উত্তরপত্রে সেই পদের নাম ও রেজিঃ নম্বর লিখতে হবে।

- ❖ পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
- ❖ চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
যুগ্ম-সচিব।